ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯১৭
আগরতলা, ২৪ জুলাই, ২০২৫

**নালসা বীর পরিবার সহায়তা যোজনা চালু করবে জাতীয় আইন সেবা কর্তৃপক্ষ**

জাতীয় আইনসেবা কর্তৃপক্ষ আগামী ২৬ এবং ২৭ জুলাই, ২০২৫ তারিখে জম্মু ও কাশ্মীরে অনুষ্ঠিত হতে যাওয়া আঞ্চলিক সম্মেলনে 'নালসা বীর পরিবার সহায়তা যোজনা, ২০২৫' নামে একটি নতুন প্রকল্প চালু করবে। সেনা কর্মী, প্রাক্তন সৈনিক এবং তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে উপযুক্ত আইনি পরিষেবা প্রদানের লক্ষ্যে এই প্রকল্পটি চালু করার উদ্যোগে নেওয়া হয়েছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, এই প্রকল্পের বাস্তবায়নের জন্য রাজ্য সৈনিক বোর্ডে একটি আইন সেবা ক্লিনিক প্রাথমিকভাবে স্থাপন করা হয়েছে। ক্লিনিকে একজন অধিকার মিত্র থাকবেন, যিনি ভারতীয় সেনা বাহিনীর প্রাক্তন জওয়ান। নালসার এগজিকিউটিভ চেয়ারম্যান তথা সুপ্রীম কোর্টের বিচারপতি সূর্যকান্ত আইন সেবা ক্লিনিকের ভার্চুয়ালী উদ্বোধন করবেন। রাজ্য সৈনিক বোর্ডে আইন সেবা ক্লিনিকের আনুষ্ঠানিক উদ্বোধনের সময় পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে একটি আইনি সচেতনতা শিবিরেরও আয়োজন করা হবে। ত্রিপুরা রাজ্য আইনসভা কর্তৃপক্ষের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

*****